বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা- ১২১৫।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

বিষয়: **সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন' সংক্রান্ত কার্যক্রম ২.২ এর আওতায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রম ২.২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ ১ম সভা গত ১৯ ডিসেম্বর ২০২২ তারিখ অনলাইন ও অফলাইনে বিএআরসিতে অনুষ্ঠিত হয়।

উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৯-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান
ফোন: +৮৮-০২-২২২২৪২৬৬৬
ফ্যাক্স: +৮৮-০২-২২২২৪২৬৪৬
ইমেইল: ec.barc@barc.gov.bd

বিতরণ :
১) সদস্য পরিচালক ও পরিচালক, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
২) সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি, বিএআরসি, ঢাকা।

স্মারক নম্বর: ১২.২০.০০০০.০১৩.২৫.০০৫.১৮.৯৭/১(২)

তারিখ: ১৪ পৌষ ১৪২৯
২৯ ডিসেম্বর ২০২২

অনুলিপি ( সদয় অবগতি ও কার্যার্থে):
১) যুগ্মসচিব, বাজেট ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়
২) পরিচালক, কম্পিউটার এন্ড জিআইএস ইউনিট, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৯-১২-২০২২
ড. শেখ মোহাম্মদ বখতিয়ার
নির্বাহী চেয়ারম্যান

**বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল**
**নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫**
www.barc.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আলোকে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ১ম সভা ' এর কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভার সভাপতি | ঃ ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি। |
| তারিখ ও সময় | ঃ ১৯ ডিসেম্বর ২০২২; সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ সভাকক্ষ-১, বিএআরসি এবং জুম প্লাটফর্ম। |
| উপস্থিতির তালিকা | ঃ পরিশিষ্ট 'ক' |

সভাপতি সরাসরি অংশগ্রহণকারী ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জনাব মোঃ আল মোবাচ্ছের হোসেন, প্রিন্সিপাল ট্রেনিং অফিসার ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সিটিজেন চার্টার, বিএআরসি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩-এর কার্যক্রম [২.২] অনুসারে 'সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের (Stakeholders) সমন্বয়ে অবহিতকরণ সভা' আয়োজনের ২টি লক্ষ্যমাত্রা আছে। সে অনুসারে বিএআরসি প্রদত্ত নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সম্পর্কে স্টেকহোল্ডারদের অবহিত করার উদ্দেশ্যে ১ম সভার আয়োজন করা হয়।

২। সভাপতি বলেন, সেবা প্রাপ্তি নাগরিকের একটি সাংবিধানিক অধিকার। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সরকারি দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া, এর মাধ্যমে সেবা সংক্রান্ত তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহি বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিএআরসি প্রদত্ত সেবা সম্পর্কে বিএআরসি এর অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিত হওয়া প্রয়োজন। এর ফলে কাউন্সিলের সেবা, সেবা প্রদানের সময়, নির্ধারিত ফি, সেবা প্রদান পদ্ধতি ইত্যাদি বিষয়ে অংশীজনদের স্বচ্ছ ধারণা তৈরী হবে।

৩। এ প্রসঙ্গে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, বিএআরসি এর বিভিন্ন বিভাগ, ইউনিট, কেন্দ্র ও শাখার মাধ্যমে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। নাগরিক পর্যায়ে সরাসরি যে সেবা প্রদান করা হয় তাকে নাগরিক সেবা বলে। সার ও সার উৎপাদনের কাঁচামালের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ; বিব্লিওগ্রাফিক সার্ভিস; কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান ইত্যাদি নাগরিক সেবার আওতাধীন।

৪। তিনি আরো বলেন, সরকারি যে কোন প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, সেবাদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন অধিদপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠান প্রদত্ত সেবাকে প্রাতিষ্ঠানিক সেবা বলে। কাউন্সিলের প্রাতিষ্ঠানিক সেবাসমূহ যেমন: মন্ত্রণালয়/প্রতিষ্ঠান কর্তৃক যাচিত তথ্য/প্রতিবেদন প্রদান; সংসদীয় কমিটির জন্য প্রতিবেদন প্রণয়ন; পিএইচডি বৃত্তি ও গবেষণা অনুদান প্রদান, বিদেশ প্রশিক্ষণ, কম্পিউটার ল্যাব সুবিধা ও জুম সহায়তা প্রদান ইত্যাদি। এছাড়াও কাউন্সিলের সকল বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা এর কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমনঃ সিপিএফ অগ্রিম/চূড়ান্ত মঞ্জুরী, কল্যাণ তহবিল, গোষ্ঠী বীমা, গ্রাচ্যুইটি, পিআরএল মঞ্জুর, ছুটি নগদায়ন ইত্যাদি।

৫। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা-২০১৭ অনুসারে কাউন্সিলের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। এখানে সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সেবা প্রদান পদ্ধতি, সেবা প্রদানের সময়সীমা, সেবার মূল্য, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ সংক্রান্ত তথ্য ৭টি কলামে সুনির্দিষ্টভাবে বিবৃত করা হয়েছে। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, নির্ধারিত সময়ে সেবা প্রদান নিশ্চিতকরণে ত্রৈমাসিকভিত্তিতে সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখার মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে কিনা তা পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরীক্ষা করা হয় ও কৃষি মন্ত্রণালয়ে ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রেরণসহ বিএআরসি'র ওয়েবসাইটে আপলোড করা হয়। তিনি আরো বলেন, কাউন্সিলের সেবা প্রদান বিষয়ে সেবা গ্রহীতার কোন অভিযোগ থাকলে তা নিস্পত্তির জন্য পরিচালক (সাপোর্ট সার্ভিস)-কে অভিযোগ নিষ্পত্তি (অনিক) কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৬। সভাপতি সভায় অংশগ্রহণকারীদের বিএআরসি এর প্রদত্ত প্রতিশ্রুত সেবা সম্পর্কে আলোচনা ও মতামতের আহবান জানান। সভায় বিএআরসি এর প্রদত্ত সেবা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

৬.১ সভায় বিএআরসি'র নাগরিক সেবা এর অর্ন্তভূক্ত সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়ার উপর আলোচনা করা হয়। সভায় কাউন্সিলের প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা (এনআরএম) বিভাগের সদস্য পরিচালক ও প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। উক্ত সেবার আওতায় ০৭ টি বেসরকারি সেবাগ্রহীতা প্রতিষ্ঠান (১) এসিআই ফরমুলেশন লিমিটেড (২) কনপাস কর্পোরেশন (৩) সিনজেনটা (৩) অ্যাপেক্স বায়োফার্টিলাইজার এন্ড বায়োপেস্টিসাইডস লিমিটেড (৪) এসডি এগ্রোভেট, নওগাঁ (৫) পায়েল অর্গানিক ফার্টিলাইজার লিমিটেড (৬) বায়োটেক মাশরুম এন্ড কম্পোস্ট এবং (৭) দ্বীন অর্গানিক এর প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

এসিআই ফরমুলেশন লিমিটেডের মহাব্যবস্থাপক জনাব সুবীর চৌধুরী, কনপাস কর্পোরেশন লিমিটেডের সিইও জনাব মহিউদ্দিন আহমেদ এবং উপস্থিত অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবাটি সিটিজেন চার্টার অনুযায়ী সময়সীমার মধ্যে কম সময়ে সেবা প্রদানের মতামত প্রদান করেন। এছাড়াও আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন যাচাই-বাছাই, নমুনা ল্যাব টেস্ট, অ্যাক্রিডেটেড ল্যাব স্থাপন এবং মৌসুমভিত্তিক ফিল্ড ট্রায়াল একই সময়ে চালানো, নমুনা সংরক্ষণ ও ল্যাবরেটরীতে নমুনা পরীক্ষা ইত্যাদি কার্যাদি সময়মত সম্পন্ন হওয়া বিষয়ে সেবা গ্রহিতা প্রতিষ্ঠানসমূহ মতামত প্রদন করেন।

এ বিষয়ে ড. মোঃ বক্তীয়ার হোসেন, সদস্য পরিচালক (রু.দা), প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি বলেন, উক্ত সেবা প্রক্রিয়ার সাথে কৃষি মন্ত্রণালয়সহ একাধিক দপ্তর/সংস্থা সম্পৃক্ত, যাচাই কমিটির দ্রততম উদ্যোগ ও জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভা সময়মত আয়োজন করা সম্ভব হলে সেবাটি পেতে কম সময় লাগবে। তিনি আরও উল্লেখ করেন যে, খুব দ্রুত সার বিনির্দেশ এর জন্য বিধিমালা চূড়ান্ত হবে এতে সেবাটি প্রদানের ক্ষেত্রে অনেক জটিলতা দূর হবে এবং দ্রুততম সময়ে সেবাটি প্রদান করা সম্ভব হবে।

ড. মোঃ আবদুছ ছালাম, সদস্য পরিচালক (চলতি দায়িত্ব), পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বিএআরসি এ সেবাটির সাথে সম্পৃক্ত বিশেষ করে জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানসমূহের ফসলের সময়কাল ধরে ট্রায়াল কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করার আহ্বান করেন যাতে আরও কম সময়ে সেবাটি প্রদান করা সম্ভব হয়। সেইসাথে তিনি এ সংক্রান্ত কার্যক্রমগুলো পরিদর্শন এবং যাচাই কমিটিকে আরও কার্যকর ব্যবস্থা গ্রহণের করার তাগিদ প্রদান করেন।

৬.২ কৃষি প্রযুক্তি, কৃষি ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে পরামর্শ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে পরিচালক (কম্পিউটার ও জিআইএস) ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার, বিএআরসি বলেন, কাউন্সিলের কারিগরি বিভাগ ও ইউনিট কর্তৃক উক্ত সেবা সরাসরি অথবা কৃষি পরামর্শ বাতায়ন অনলাইন, মাই গভ ও বিভিন্ন কৃষি গবেষণা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত Link এর মাধ্যমে পাওয়া যায়।

৬.৩ বিএআরসি'র প্রাতিষ্ঠানিক সেবাসমূহ ও সেবা প্রদান পদ্ধতি বিষয়ের উপর অনলাইনে এনএআরএসভূক্ত ১৩ টি গবেষণা প্রতিষ্ঠান যথাক্রমে (১) বিএআরআই (২) বিআরআরআই (৩) বিনা (৪) বিএফআরআই (বন) (৫) বিএলআরআই (৬) বিএফআরআই (মৎস্য) (৭) বিএসআরআই (৮) বিজেআরআই (৯) তুলা উন্নয়ন বোর্ড (১০) এসআরডিআই (১১) বিএসআরটিআই (১২) বিটিআরআই ও (১৩) বিডব্লিউএমআরআই এর প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। বিএআরসি এর প্রাতিষ্ঠানিক সেবার মান বিষয়ে অংশগ্রহণকারী সকলে সন্তোষ প্রকাশ করেন।

৬.৪ সভায় কাউন্সিলের অভ্যন্তরীণ সেবা সিপিএফ, গ্র্যাচুইটি, ছুটি নগদায়ন, কল্যাণ তহবিল, পিআরএল মঞ্জুর ইত্যাদির উপর আলোচনা করা হয়।

৬.৫ সভাপতি সভায় উত্থাপিত বিষয়গুলো গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস প্রদান করেন। তিনি বিশেষ করে সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ সেবার ক্ষেত্রে যে সকল সকল প্রতিষ্ঠানের ল্যাব সুবিধা আছে সে সকল প্রতিষ্ঠানে থেকে দ্রুততম সময়ে নমুনা পরীক্ষাসহ কৃষি মন্ত্রণালয়, এনএআরএসভূক্ত প্রতিষ্ঠান, যাচাই কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে বিনির্দেশ প্রক্রিয়া ত্বরান্বিতকরণে প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি-কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

**০৬। সিদ্ধান্ত:** সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/ইউনিট/কেন্দ্র/শাখা |
|---|---|---|
| ৬.১ | সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়া ত্বরান্বিকরণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএআরসি |
| ৬.২ | কৃষি পরামর্শ সেবা প্রদান চলমান রাখা; | সকল কারিগরি বিভাগ/ইউনিট/কেন্দ্র, বিএআরসি |
| ৬.৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে ব্যবস্থা গ্রহণ; | বিএআরসি এর সকল বিভাগ/ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৬.৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী অভ্যন্তরীণ সেবা প্রদান নিশ্চিত করতে হবে; | প্রশাসন ও অর্থ বিভাগ, বিএআরসি |
| ৬.৫ | সভার সিদ্ধান্ত/সুপারিশ তা যথাসময়ে বাস্তবায়ন করতে হবে; | সকল বিভাগ, বিএআরসি |

০৭। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

২৭/১২/২০২২

(ড. মোঃ ছায়ফুল্লাহ)
সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ)
বিএআরসি।